

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date : 18-01-2025**

**Time: 07.35-07.40 AM Hrs
BENGALI MORNING BULLETIN**

PM, SVAMITVA :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ ভিডিও কনফারেন্সিংয়ের মাধ্যমে দশটি রাজ্য এবং দুটি কেন্দ্রশাসিত অঞ্চলের ৫০ হাজারেরও বেশি গ্রামে সম্পত্তি মালিকদের স্বামিত্ব প্রকল্পের অধীনে ৬৫ লক্ষেরও বেশি সম্পত্তি কার্ড বিতরণ করবেন। এই প্রকল্পের লক্ষ্য হল সমীক্ষার জন্য উন্নত ড্রোন প্রযুক্তির মাধ্যমে পরিবারের অধিকারের রেকর্ড প্রদান করে গ্রামীণ ভারতের অর্থনৈতিক উন্নয়ন বৃদ্ধি করা। এখনও পর্যন্ত, ৩ লক্ষ ১৭ হাজারেরও বেশি গ্রামে ড্রোন সমীক্ষা সম্পন্ন হয়েছে। বেশকিছু রাজ্যের সঙ্গে ত্রিপুরায় এই প্রকল্পের কাজ সম্পূর্ণ হয়েছে।

Ratan Lal Nath :

বিদ্যুৎমন্ত্রী রতনলাল নাথ গতকাল বড়দোয়ালি বিদ্যুৎ বিভাগে পিএম সূর্য ঘর মুফত বিজলী যোজনার নাম নথিভুক্ত করনের বিশেষ শিবিরের উদ্বোধন করেন। মন্ত্রী অনুষ্ঠানে জানিয়েছেন, পিএম সূর্য ঘর মুফত বিজলী যোজনা আত্মনির্ভর ত্রিপুরা গঠনের লক্ষ্য পূরণের জন্য অন্যতম একটি প্রকল্প। তিনি জানান, এই প্রকল্পের মাধ্যমে নিজের বিদ্যুতের চাহিদা নিজেরাই পূরণ করতে পারেন। প্রকল্পের অঙ্গ হিসেবে ভর্তুকি দিয়ে সোলার প্ল্যান্ট দেওয়া হচ্ছে। রাজ্যের ব্লক, পুর নিগমের ওয়ার্ড সহ বিভিন্ন জায়গায় শিবির করে পিএম সূর্য ঘর মুফত বিজলী যোজনার সুবিধা দেওয়া হচ্ছে। শিবিরে উপস্থিতি ছিলেন, বিধায়িকা মিনা সরকার, বিদ্যুৎ

সচিব অভিষেক সিং, রাজ্য বিদ্যুৎ নিগমের ম্যানেজিং ডিরেক্টর
বিশ্বজিৎ বসু।

AIR Agartala Seminar:

আকাশবাণী আগরতলার উদ্যোগে আগরতলার বিভিন্ন কলেজে ধারাবাহিক সেমিনার আয়োজনের অংশ হিসেবে গতকাল বীর বিক্রম মেমোরিয়াল কলেজে "এইচআইভি- সচেতনতা ও প্রতিরোধ" শীর্ষক এক আলোচনাচক্র অনুষ্ঠিত হয়। এই আলোচনাচক্রে বক্তব্য রাখেন ত্রিপুরা এইডস কন্ট্রোল সোসাইটির যুগ্ম অধিকর্তা শুভজিৎ ভট্টাচার্য। তিনি এইচআইভি/এইডস সংক্রমণের কারণ, এই রোগের প্রতিরোধের উপায়, এইডস রোগীদের কলক্ষিত করা থেকে বিরত থাকা এবং আক্রান্ত ব্যক্তিদের প্রতি সহানুভূতিশীল মনোভাব কি হওয়া উচিত তা বিস্তারিতভাবে আলোচনা করেন। একইসঙ্গে আধুনিক চিকিৎসা এবং প্রতিরোধমূলক ব্যবস্থা গুলো গুরুত্ব সম্পর্কেও উপস্থিত ছাত্র-ছাত্রী ও শিক্ষক-শিক্ষিকাদের অবহিত করেন। শ্রী ভট্টাচার্য, এইডস ছড়ানোর প্রধান কারণগুলোর ব্যাখ্যা করে বলেন, এসব ভয়ঙ্কর নেশার কবলে যাতে ছাত্র-ছাত্রীরা না পড়েন, এজন্য শিক্ষার্থীদের সাথে সাথে তাঁদের সহপাঠী, শিক্ষক মন্ডলী ও সংশ্লিষ্ট সকলকেই সতর্ক থাকতে আহবান জানান। কলেজের টিচার কাউন্সিলের সেক্রেটারি অভিজিৎ ভট্টাচার্য আকাশবাণীর এই উদ্যোগের প্রশংসা করেন। অনুষ্ঠানে বক্তব্য রাখেন বি বি এমসি কলেজের অধ্যক্ষা এম দাশগুপ্তা, আকাশবাণী আগরতলা কেন্দ্রের আধিকারিক জয়শ্রী দেববর্মা। আলোচনা শেষে ছাত্রছাত্রীদের মধ্যে এই বিষয় নিয়ে কুইজ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

Gram annesan:

দ্বিতীয় বর্ষের গ্রাম অন্বেষণ কর্মসূচীতে গতকাল খৰ্ষ্যমুখ ও বগাফা বন্দের জনপ্রতিনিধিরা বামুটিয়া বিধানসভা কেন্দ্রের নরসিংগড় গ্রাম পঞ্চায়েত এলাকার বিভিন্ন সরকারি প্রকল্পগুলি পরিদর্শন করেছেন। উপস্থিতি ছিলেন পশ্চিম জেলার জেলা সভাধিপতি বলাই গোস্বামী, প্রাক্তন বিধায়ক কৃষ্ণধন দাস সহ অন্যরা। অনুষ্ঠানে শ্রী গোস্বামী জানান, গ্রাম অন্বেষণ কর্মসূচীর ফলে রাজ্যের এক জায়গার উন্নয়নের কাজ সম্পর্কে অন্য এলাকার জনপ্রতিনিধিরা অবগত হবেন।

Maan-Ki-Baat :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আগামীকাল সকাল ১১টায় আকাশবাণীর মন-কি বাত অনুষ্ঠানে দেশ বিদেশের জনগনের সাথে মত বিনিময় করবেন। এটি হল মন-কি-বাত অনুষ্ঠানের ১১৮তম পর্ব। এই অনুষ্ঠানটি আকাশবাণী ও দূরদর্শনের সমস্ত নেটওয়ার্ক, আকাশবাণী সংবাদ ওয়েবসাইট www.newsонаir.com ও newsонаir mobile app-এ শোনা যাবে। অনুষ্ঠানটি আকাশবাণী, ডিডি নিউজ, প্রধানমন্ত্রীর দপ্তর তথা তথ্য ও সম্প্রচার মন্ত্রকের ইউ টিউব চ্যানেলেও শুনতে পাওয়া যাবে। অনুষ্ঠানের অব্যবহিত পরেই এর আঞ্চলিক ভাষার অনুবাদ শোনা যাবে। এই আঞ্চলিক ভাষার অনুষ্ঠানটি রাত ৮টায় পুনঃ প্রচার করা হবে।

Tribal Folk Dance-Sepahijala :

বিশ্রামগঞ্জের শচীন দেববর্মণ স্মৃতি কলাক্ষেত্রে গতকাল সিপাহীজেলা জেলাভিত্তিক জনজাতি লোকনৃত্য প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে জেলার অন্তর্গত ৩টি মহকুমা থেকে ৩টি দল অংশগ্রহণ করে। উদ্বোধন করে সিপাহীজেলা জিলা পরিষদের সভাধিনেত্রী সুপ্রিয়া দাস দত্ত। গতকাল প্রতিযোগিতায় প্রথম স্থান

অধিকার করেছে সোনামুড়া মহকুমার লোকন্ত্রের দল। এই দলটি রাজ্যস্তরীয় প্রতিযোগিতায় অংশ গ্রহনের জন্য নির্বাচিত হয়েছে।

Awareness program:

অগ্নিবীর এবং ভারতীয় বিমান বাহিনীতে যোগদানে কলেজ স্তরের ছাত্র-ছাত্রীদের উৎসাহিত করতে এবং নিয়মনীতি ছাত্র-ছাত্রীদের জ্ঞানাতে গতকাল বিলোনিয়ার ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর কলেজে জেলা কর্মবিনিয়োগ কেন্দ্র, কলেজের শারীর শিক্ষা বিভাগ এবং আভ্যন্তরীন গুণমান নির্ণয় শাখার যৌথ উদ্যোগে সচেতনতা সভা অনুষ্ঠিত হয়। সভায় গুয়াহাটির এয়ারম্যান সিলেকশন সেন্টারের ওয়ারেন্ট অফিসার সার্জেন্ট জিতেন্দ্র চেটিয়া এবং অমরনাথ গুপ্ত, কলেজের অধ্যক্ষ মনোরঞ্জন দাস প্রমুখ বক্তব্য রাখেন।

Parinita Gold:

মহারাষ্ট্রে অনুষ্ঠিত অনূর্ধ্ব ১৭ বছরের জাতীয় স্কুল যোগাসন প্রতিযোগিতায় ত্রিপুরা একটি স্বর্ণ সহ দুটি পদক দখল করেছে। মেয়েদের আটিস্টিক যোগায় পরিনিতা রায় স্বর্ণ ও ছেলেদের বিভাগে শুভ্রদীপ ভৌমিক ব্রোঞ্জ পদক পেয়েছে।

Ranji Trophy:

সার্ভিসেসের বিরুদ্ধে রঞ্জি ট্রফি চারদিনের খেলার জন্য ১৫ সদস্যের ত্রিপুরা দল ঘোষনা করা হয়েছে। দলের নেতৃত্ব দেবেন মনদীপ সিং। আগামী ২৩ থেকে ২৬ জানুয়ারি এম বি বি স্টেডিয়ামের এই ম্যাচটি হবে।

Weather:

আজ আকাশ প্রধানত পরিষ্কার থাকবে। দিনের তাপমাত্রা সর্বচ্ছে
২৭ ডিগ্রী ও সর্বনিম্ন ১৩ ডিগ্রী সেলসিয়াসের কাছাকাছি থাকবে।
আজ ভোরের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৩.৪ ডিগ্রী সেলসিয়াস।
